গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(এপিএ সেল)
www.rdcd.gov.bd

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.০৫.০১০.১৯.১৮

১৪ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ।
তারিখ : ........................................
২৮ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ষাণ্মাসিক অর্জন (জুলাই-ডিসেম্বর) মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর/১৯)-এর অর্জন সমূহের মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সমন্বয়ে সভা গত ২২/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

এমতাবস্থায়, মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত সভার কার্যবিবরণী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০৩ পাতা;

২৮/০১/২০২০
(নাহরিন সুলতানা)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫৭০

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
(দৃ: আ: রওশন আরা লাবনী, সিনিয়র সহকারী সচিব
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা।

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫- কাওরান বাজার, ঢাকা।
০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা;/আরডিএ, বগুড়া;/বাপার্ড, গোপালগঞ্জ।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ান লি: তেজগাঁও, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন ৫- করান বাজার, বিআরডিবি, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-৫, এ্যাভিনিউ-৩ রুপনগর, মিরপুর-২, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়র সদয় অবগতির জন্য)।
০৪। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৫। অফিস কপি।

.গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর) মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আফজাল হোসেন |
| তারিখ | : | ২২/০১/২০২০ খ্রি: |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ |

উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট -'ক'-তে দেয়া হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের বিশেষজ্ঞ পুল-সদস্যগণকে দপ্তর/সংস্থা হতে ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র জুলাই-ডিসেম্বর পর্যন্ত প্রেরিত প্রতিবেদন বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

আলোচনা:

এপিএ বিশেষজ্ঞ-পুল বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রেরিত প্রতিবেদনের সঠিকতা যাচাই করণের নিমিত্ত এ বিভাগের অধিনস্থ সকল দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের ষাণ্মাসিক অর্জন (জুলাই-ডিসেম্বর) প্রতিবেদন বিষয়ে সূচকগুলো পর্যালোচনা করেন। এ বিভাগের কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রতিবেদন পর্যালোচনান্তে নিম্নলিখিত মতামত প্রদান করা হয় :

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

- এ বিভাগের [৩.২] নং কার্যক্রমের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন কাঙ্খিত পর্যায়ে না থাকায় তা বাস্তবায়নের লক্ষ্যে [৩.২.১] নং সূচক অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন হার পরবর্তী ২ কোয়ার্টারে বৃদ্ধি করতে হবে।
- এ বিভাগের [৩.৩] নং কার্যক্রমের বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে [৩.৩.১] নং সূচক অনুযায়ী ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন হার কাঙ্খিত পর্যায়ে না হওয়ায় পরবর্তী ২ কোয়ার্টারে এ হার বৃদ্ধি করতে হবে।
- [১.৭] নং কার্যক্রমে শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান লক্ষ্যে [১.৭.১] নং সূচকে নিয়োগ প্রদানের জন্য দ্রুত বিজ্ঞপ্তি জারিসহ দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পাদন করতে হবে।
- ত্রিপক্ষীয় সভায় সুপারিশকৃত অডিট আপত্তি নেই। অন্যান্য অডিট আপত্তিসমূহ কাঙ্খিত পর্যায়ে নিষ্পত্তি না থাকায় পরবর্তী কোয়ার্টারে নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

## সমবায় অধিদপ্তর

- বিতরণকৃত ঋণের পরিমাণ জুলাই-ডিসেম্বর ষাণ্মাসিক অর্জন ২০.৫৪ হয়েছে অর্জনের হার ৪৭% যা ৫০% এর নিচে হওয়ায় সমবায় অধিদপ্তরকে পরবর্তী কোয়ার্টারে অর্জন বাড়ানোর নির্দেশ প্রদান করা হয়।
- আয়োজিত সেমিনার কর্মশালা ষাণ্মাসিক অর্জন হয়েছে ১১ যার হার ৩৪.৩৮% যা ৫০% এর নিচে হওয়ায় সমবায় অধিদপ্তরকে পরবর্তী কোয়ার্টারে অর্জন বাড়ানোর নির্দেশ প্রদান করা হয়।
- অভিযোগ নিষ্পত্তির হার সন্তোষজনক নয়। পরবর্তী কোয়ার্টারের মধ্যে অভিযোগ নিষ্পত্তির হার বাড়ানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অভিযোগ সঠিকভাবে নিষ্পত্তিক্রমে অভিযোগকারীকে অবহিতকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়।
- উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী ষাণ্মাসিক অর্জন হয়েছে .০৩০১২ অর্জনের হার ৩৬.২৯% যা ৫০% এর নিচে হওয়ায় সমবায় অধিদপ্তরকে পরবর্তী কোয়ার্টারে অর্জন বাড়ানোর নির্দেশ প্রদান করা হয়।

## পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (RDA)

- আত্মকর্মসংস্থান এবং উপকারভোগীর সংখ্যা ৩০.৭৭%। পরবর্তী কোয়ার্টার অর্জনের হার বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- সম্পাদিত গবেষণা ও প্রায়োগিক গবেষণা টার্গেট অনুযায়ী পরবর্তী কোয়ার্টারে বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বৎসর শেষে সম্পূর্ন প্রমানক উপস্থাপনেরও নির্দেশ দেয়া হয়।
- সম্পাদিত দ্বি-স্তর বিশিষ্ট কৃষি প্রযুক্তি লক্ষ্যমাত্রা ছিল ১০৫ কিন্তু ষাণ্মাসিক অর্জন ৩৮.০৯%। টার্গেট অনুযায়ী অর্জন কম হওয়ায় পরবর্তী কোয়ার্টারে বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- জামালপুরে RDA প্রতিষ্ঠা প্রকল্পের উন্নয়ন কাজের ব্যয় ও অগ্রগতি ৩৮.৫৩%। পরবর্তী কোয়ার্টারে অগ্রগতি ৭৫%-এ উন্নীত করার নির্দেশনা প্রদান করা হয়।
- রংপুর RDA প্রতিষ্ঠা প্রকল্পের উন্নয়ন কাজের অগ্রগতি ২১.৯১%। এ ক্ষেত্রেও অর্জন কাঙ্খিত মাত্রার অনেক কম হওয়ায় পরবর্তী কোয়ার্টারে কাঙ্ক্ষিত মাত্রায় বাড়ানোর পরামর্শ প্রদান করা হয়।
- ফলজ ও বনজ বৃক্ষরোপন টার্গেট অনুযায়ী লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ায় পরবর্তী কোয়ার্টারে আনুপাতিক হারে বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

## বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (MILK VITA)

- বিতরণকৃত ঋণের পরিমাণ এর লক্ষ্যমাত্রা ছিল ৩৭.০৫ কিন্তু অর্জন হয়েছে ৪.৮৭ যা কাঙ্খিত লক্ষ্যমাত্রার অনেক নীচে পরবর্তী কোয়ার্টারে অন্তত ৭৫%-এ বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- সংগৃহিত তরল দুধের লক্ষ্যমাত্রা ৫০৫ লক্ষ (লিটার)। সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ায় পরবর্তী কোয়ার্টারে অন্তত ৭৫%-এ বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- বাজারজাতকৃত তরল দুগ্ধ অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৪০ লক্ষ (লিটার)। সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ায় পরবর্তী কোয়ার্টারে অন্তত ৭৫%-এ বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

## বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD)

- প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফলের লক্ষ্যমাত্রা ছিল ৬ (সংখ্যা) কিন্তু অর্জনের হার ৩৩.৩৩%। পরবর্তী কোয়ার্টারে ৭৫%-এ বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- বনজ বৃক্ষরোপন কোন অর্জন না হওয়ায় পরবর্তী কোয়ার্টারে ৭৫%-এ এবং নির্ধারিত সময়ে তা ১০০% অর্জনে জরুরী কার্যক্রম গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়।

## বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (BAPARD)

- প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল এবং কোন ক্ষেত্রে অর্জন না থাকায় পরবর্তী কোয়ার্টারে ১০০%-এ বৃদ্ধির জন্য তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করা হয়।
- উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারীর লক্ষ্যমাত্রা ছিল ০.০০৩২০ জন (লক্ষ) কিন্তু অর্জন হয়েছে ৩৮.৪৪% পরবর্তী কোয়ার্টারে ৭৫%-এ বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- প্রশিক্ষণ গ্যহণকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী লক্ষ্যমাত্রা ছিল ৪৫০ জন কিন্তু অর্জনের হার ৩৮.৬৬% পরবর্তী কোয়ার্টারে ৭৫%-এ বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- বনজ ও ফলজ বৃক্ষরোপন লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ায় পরবর্তী কোয়ার্টারে ১০০% বৃদ্ধির জন্য বিশেষভাবে তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করা হয়।

## পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (PDBF)

- ঋণ গ্রহীতা লক্ষ্যমাত্রা ছিল ৪.৫৮ জন (লক্ষ্য) কিন্তু অর্জনের হার ৪৫.৮৫%। পরবর্তী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধনের পরিমাণ সূচকের বিপরীতে অর্জনের হার ৪৮.৯৬% যা সন্তোষজনক নয়। পরবর্তী কোয়ার্টারে এ সূচকে অর্জনের হার বাড়ানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- আয়োজিত সেমিনার কর্মশালা লক্ষ্যমাত্রা ছিল ৩২ (সংখ্যা)। অর্জনের হার ৪৬.৮৮% পরবর্তী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী লক্ষ্যমাত্রা ছিল ০.১৭২। অর্জেনের হার ৩৫.৮৪% পরবর্তী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারীর সূচকের লক্ষ্যমাত্রা ছিল ০.০৮। উক্ত সূচকের বিপরীতে অর্জনের হার ২৪.৩৭৫ পরবর্তী কোয়ার্টারে অর্জন বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০২। পরিশেষে সকল দপ্তর/সংস্থা'র এপিএ টিমের সদস্যবৃন্দকে ১ম ষাণ্মাসিক এর ঘাটতিপূরনসহ আগামীতে নির্ধারিত সকল লক্ষ্যমাত্রা অর্জনে সময়োচিত পদক্ষেপ গ্রহণ/সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ ও সম্পৃক্তকরনসহ সামগ্রিক লক্ষ্যমাত্রা অর্জন ও সকল প্রমানক যথাযথভাবে সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29/02/2020

(মো: আফজাল হোসেন)
অতিরিক্ত সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ